

🗏 আল-জ্বিন | Al-Jinn | ٱلْجِنّ

আয়াতঃ ৭২: ১২

া আরবি মূল আয়াত:

وَّ أَنَّا ظَنَنَّا أَن لَّن نُّعجِزَ اللَّهَ فِي الأرضِ وَ لَن نُّعجِزَهُ هَرَبًا ﴿١٢﴾

🗚 অনুবাদসমূহ:

'আর আমরা তো বুঝতে পেরেছি যে, আমরা কিছুতেই যমীনের মধ্যে আল্লাহকে অপারগ করতে পারব না এবং পালিয়েও কখনো তাকে অপারগ করতে পারব না'। — আল-বায়ান

আমরা বুঝতে পেরেছি যে, আমরা পৃথিবীতে আল্লাহকে পরাস্ত করতে পারব না, আর পালিয়েও তাঁকে অপারগ করতে পারব না। — তাইসিকল

এখন আমরা বুঝেছি যে, আমরা পৃথিবীতে আল্লাহকে পরাভূত করতে পারবনা এবং পলায়ন করেও তাঁকে ব্যর্থ করতে পারবনা। — মুজিবুর রহমান

And we have become certain that we will never cause failure to Allah upon earth, nor can we escape Him by flight. — Sahih International

১২. এও যে, আমরা বুঝেছি, আমরা যমীনে আল্লাহকে পরাভূত করতে পারব না এবং পালিয়েও তাকে ব্যর্থ করতে পারব না।

তাফসীরে জাকারিয়া

- (১২) (এখন) আমরা বুঝেছি[1] যে, আমরা পৃথিবীতে আল্লাহকে পরাভূত করতে পারব না এবং পলায়ন করেও তাঁকে ব্যর্থ করতে পারব না।
 - [1] ظُنَّ এর অর্থ এখানে জানা, বুঝা ও দৃঢ় বিশ্বাস করার অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন, আরো বহু স্থানে এসেছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5459

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন